

**Initiative for Development, Empowerment, Awareness and Livelihood Project
(IDEAL Project), Kurigram.**

উন্নয়ন, ক্ষমতায়ন, জীবিকায়ন ও সচেতনতা উদ্যোগ প্রকল্প (আইডিইএএল, কুড়িগ্রাম)



প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

৫, কাওরান বাজার, ঢাকা।

website: www.brdb.gov.bd

সূচিপত্র:

ক্র নং	বিষয়	পৃষ্ঠা নং
১.	প্রকল্পের পটভূমি, প্রকল্পের সারসংক্ষেপ, প্রকল্পের প্রধান উদ্দেশ্য, প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য	৩
২.	প্রকল্পের অনুমোদিত কার্যক্রম, অভীষ্ট জনগোষ্ঠী/ উপকারভোগী, প্রকল্প এলাকা	৪
৩.	বাস্তবায়ন পদ্ধতি, প্রাথমিক কার্যক্রম, প্রকল্পের কর্মপ্রবাহ, প্রকল্প কার্যক্রমে চালিকাশক্তি	৫
৪.	জরিপ ও সংগঠন, জরিপ এর উদ্দেশ্য, জরিপের সাধারণ প্রক্রিয়া	৬
৫.	সংগঠন সৃষ্টি, ওয়ার্ড সংসদ গঠনের পদক্ষেপ, ওয়ার্ড সংসদ, কমিটির কাঠামো, গঠন প্রণালী	৭
৬.	ওয়ার্ড সংসদেও কার্যপ্রণালী, দায়িত্ব ও কর্তব্য, ইউনিয়ন উন্নয়ন কমিটি	৮
৭.	ইউনিয়ন উন্নয়ন কমিটির কাঠামো, কমিটির কার্য প্রণালী	৯
৮.	প্রশিক্ষণ কার্যক্রম, প্রকল্পের প্রশিক্ষণের লক্ষ্য, প্রশিক্ষণের প্রকার, প্রশিক্ষণার্থী নির্বাচন প্রক্রিয়া ও মানদণ্ড	১০
৯.	সুবিধাভোগীদের প্রশিক্ষণ: দক্ষতা উন্নয়ন, আয়বর্ধনমূলক, কারিগরি ও সাধারণ প্রশিক্ষণ	১১
১০.	চর এলাকার জন্য বিশেষ প্রশিক্ষণ, প্রশিক্ষণার্থী নির্বাচন, চূড়ান্ত অনুমোদন ও মনোনয়নের মানদণ্ড	১২
১১.	প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের মৌলিক ও রিফ্রেসার্স প্রশিক্ষণ	১৩
১২.	সেমিনার/ ওয়ার্কসপ/ সভা/ শিক্ষা সফর	১৪
১৩.	প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদেও জন্য প্রশিক্ষণ কোর্সসমূহের বিভাজন	১৫
১৪.	ইউনিয়ন সমন্বয়কারীদের জন্য মৌলিক প্রশিক্ষণ	১৬
১৫.	হিসাবরক্ষক, হিসাব সহকারী এবং ক্যাশিয়ারগণের মৌলিক প্রশিক্ষণ	১৭
১৬.	মার্কেট লিংকেজ কর্মকর্তা ও কর্মচারীদের অবহিতকরণ কোর্স	১৮
১৭.	ইউআরডিও, এধারডিও, ইউনিয়ন সমন্বয়কারী এবং অন্যান্য রিফ্রেসার্স কোর্স	১৯
১৮.	হিসাবরক্ষক, হিসাব সহকারী এবং ক্যাশিয়ার ও অন্যান্যদের রিফ্রেসার্স কোর্স	২০
১৯.	দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ কোর্সসমূহের বাজেট বিভাজন	২১
২০.	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেও জন্য অবহিতকরণ	২২
২১.	ড্রিলিউ এবং ইউডিএসি ব্যবস্থাপনা ও সমন্বয় এবং সংকট, বাজার ব্যবস্থাপনা ও নেতৃত্ব ও সামাজিক সমন্বয়	২৩-২৪
২২.	গাছের ডাক্তারদের জন্য প্রশিক্ষক প্রশিক্ষণ	২৫
২৩.	উপকারভোগীদেও আয়বর্ধনমূলক প্রশিক্ষণ	২৬-২৭
২৪.	বেসিক কম্পিউটার, মোবাইল সার্ভিসিং, রেডিও টিভি মেরামত, ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স	২৮-২৯
২৫.	দর্জি, কাপড়ের উপর হাতের কাজ, গাছের ডাক্তার, বসতভিটায় সবজি চাষ	৩০-৩১
২৬.	প্রাণিসম্পদ ও হাঁস মুরগির টিকাদান, মৎস্যচাষ, গাভিপালন, গরুরমোটাজাকরণ	৩২-৩৩
২৭.	ভার্মি কম্পোজ, ক্ষুদ্র উদ্যোক্তা, হাঁস মুরগি ও কবুতর পালন, মাশরুম চাষ	৩৪-৩৫
২৮.	স্ট্রবেরি চাষ, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, খাদ্য ও কাঁচামাল সংরক্ষণ ও বীজ সংরক্ষণ	৩৬-৩৭
২৯.	মা ও শিশুস্বাস্থ্য, পাট রিবন	৩৮
৩০.	সম্পদ হস্তান্তর ও প্রশিক্ষনোত্তর সহায়তার কৌশল, উদ্দেশ্য, তহবিলের উৎস, প্রাপ্তির যোগ্যতা, প্রক্রিয়া	৩৯
৩১.	বিতরণ ও প্রশিক্ষনোত্তর সহায়তার বাজেট বিভাজন	৪০
৩২.	স্যানিটারি ল্যাট্রিন সরবরাহ, কমিউনিটি লাইব্রেরি স্থাপন, প্রশাসনিক দায়িত্ব বিভাজন, পিএসসি	৪১
৩৩.	পিএসসি কমিটি গঠন ও কর্মপরিধি, পিআইসি কমিটি গঠন ও কর্মপরিধি	৪২
৩৪.	উপজেলা সমন্বয় কমিটি গঠন ও কর্মপরিধি	৪৩
৩৫.	প্রকল্পের কর্মকর্তা/ কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য	৪৪-৪৫
৩৬.	পরিবীক্ষণ ও মূল্যায়ন	৪৬
৩৭.	বাজারজাত কার্যক্রম	৪৭
৩৮.	সুবিধাভোগী বাছাইয়ে বেইজ লাইন জরিপ ফরম (পরিশিষ্ট ১)	৪৮-৪৯
৩৯.	মাসিক অগ্রগতির প্রতিবেদন ছক (পরিশিষ্ট ২)	৫০
৪০.	প্রশিক্ষনোত্তর সহায়তা পাওয়ার আবেদন ফরম (পরিশিষ্ট ৩)	৫১-৫২
৪১.	প্রাপ্তি ও অংগীকারপত্র	৫৩

১. প্রকল্প পরিচিতি

১.১ পটভূমি

কুড়িগ্রাম বাংলাদেশের উত্তরাঞ্চলের একটি জনবহুল জেলা। জনবহুল এই জেলার জনসংখ্যার তুলনায় সম্পদের সীমাবদ্ধতা রয়েছে। অন্যান্য জেলার চেয়ে এই জেলার সম্পদ অপেক্ষা জনসংখ্যার হার বেশি। যোগাযোগ ব্যবস্থা অনুন্নত। প্রতিবছর নদী ভাঙনের কারণে জনগোষ্ঠীর একটি অংশকে বসতভিটা হারাতে হয়। আবাদি জমি নদীগর্ভে বিলীন হয়ে ফসল নষ্ট হয়। বন্যা, খরা, মৌসুমী কর্মহীনতা, অসচেতনতা প্রভৃতি দারিদ্র্যের বড় কারণ। তাই এই জেলার দরিদ্র জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি, কর্মদক্ষতা বৃদ্ধি ও কাজের সুযোগ দিয়ে দারিদ্র্য লাঘবে প্রয়োজন সুসমন্বিত পদক্ষেপ গ্রহণ।

০৬/০৩/২০১০ খ্রিস্টাব্দে বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কুড়িগ্রামে এক জনসভায় জেলার অসহায় গরিব মানুষের জীবনমান উন্নয়নে একটি প্রকল্প গ্রহণের ঘোষণা দেন। তাঁর ঘোষণা ও নির্দেশে প্রশিক্ষণের মাধ্যমে সচেতনতা সৃষ্টি এবং প্রশিক্ষণোত্তর সহায়তার মাধ্যমে কুড়িগ্রাম জেলার দরিদ্র মানুষদের জীবনমান উন্নয়নে “Initiative for Development, Empowerment, Awareness and Livelihood Project (IDEAL Project), Kurigram” শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়।

১.২ প্রকল্পের সারসংক্ষেপ:

প্রকল্পের নাম	:	“Initiative for Development, Empowerment, Awareness and Livelihood Project (IDEAL Project), Kurigram”
মন্ত্রণালয়/ বিভাগ	:	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
প্রকল্পের প্রাক্কালিত ব্যয়	:	২০৪৩.৭৫ লক্ষ টাকা
অর্থায়নকারী	:	বাংলাদেশ সরকার (জিওবি)
প্রকল্পের মেয়াদ	:	জুলাই’১২ হতে জুন’১৬ পর্যন্ত

১.৩ প্রকল্পের প্রধান উদ্দেশ্য:

পল্লী এলাকায় অসহায় ও দরিদ্র জনগোষ্ঠীর জীবিকা উন্নয়ন এবং সচেতনতা বৃদ্ধি করে আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য হ্রাসকরণ।

সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ:

- মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে অনুপ্রেরণা ও সচেতনতা সৃষ্টি;
- সমাজ ও পরিবারের সম্ভাবনাময় শক্তি জাগরুক করা;
- যথার্থ উন্নয়ন ও সমন্বিত কার্যক্রমের জন্য মানবসম্পদ ও সাংগঠনিক অবকাঠামো সৃষ্টি;
- কর্মকাণ্ডভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদ সৃষ্টি।
- প্রশিক্ষণোত্তর সহায়তায় আয়বর্ধক কর্মকাণ্ড গ্রহণের মাধ্যমে জীবিকা ও জীবনযাত্রার মানোন্নয়ন;

সরকারের দারিদ্র্য বিমোচনের দর্শনশক্তি (Vision) এবং স্বীকৃত কর্মপন্থা (Mission)’র সংগতিপূর্ণ টেকসই উন্নয়নের জন্য উদ্যোগ গ্রহণের মাধ্যমে সমগ্র কুড়িগ্রাম জেলার দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়ন সাধনই এই প্রকল্পের মূল লক্ষ্য।

প্রকল্পের অনুমোদিত কার্যক্রম:

- উপকারভোগী নির্বাচনের জন্য জরিপ;
- ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে সু-সমন্বয়ের জন্য সাংগঠনিক কাঠামো সৃষ্টি;
- সচেতনতা সৃষ্টি কর্মসূচী;
- পরিবার পরিকল্পনা ও পরিবার কল্যাণ;
- বাল্যবিবাহ রোধ;
- শিক্ষাদানে উৎসাহ;
- প্রশিক্ষণ;
- কর্মশালা/সেমিনার/সমন্বয় সভা;
- সম্পদ হস্তান্তর- প্রশিক্ষণোত্তর সহায়তা;
- চর এলাকায় বিশেষ সহায়তা;
- বিপণন কার্যক্রম;
- প্রশিক্ষণোত্তর তদারকি;
- সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সংগে সংযোগ সৃষ্টি;
- অফিস ভবন নির্মাণ;
- অফিস ভবন নির্মাণ;
- আইসিটি সমর্থন;
- প্রকাশনা;
- পরিবীক্ষণ, মূল্যায়ন ও প্রভাব যাচাই(Impact Study) সমীক্ষা।

১.৫ অভীষ্ট জনগোষ্ঠী/ উপকারভোগী (Target group/member)

কুড়িগ্রাম জেলার ০৯টি উপজেলার ৭২টি ইউনিয়ন ও ৩টি পৌরসভায় স্থায়ীভাবে বসবাসরত দরিদ্র, পল্লী এলাকায় যাদের মালিকানায় ১০-৫০ শতাংশ জমি রয়েছে,য অসহায়, সহায়সম্বলহীন, স্বামী পরিত্যক্তা, বিধবা, কর্মহীন, পংগু বা অন্যান্যভাবে অসচ্ছল ব্যক্তিই এই প্রকল্পের অভীষ্ট জনগোষ্ঠী হিসেবে গণ্য হবেন।

১.৬ প্রকল্প এলাকা: কুড়িগ্রাম জেলার ০৯টি উপজেলার ৭২টি ইউনিয়ন ও ৩টি পৌরসভা।

ক্র নং	উপজেলা	ইউনিয়ন
১	কুড়িগ্রাম সদর	(১) কাঠালবাড়ী, (২) হলোখানা, (৩) ভোগডাঙ্গা, (৪) যোগাদহ, (৫) বেলগাছ, (৬) মোঘলবাসা, (৭) পাঁচগাছী এবং (৮) যাত্রাপুর।
২	রাজারহাট	(১) ঘড়িয়ালডাঙ্গা, (২) ছিনাই, (৩) রাজারহাট, (৪) চাকিরপাশা, (৫) বিদ্যানন্দ, (৬) উমরমজিদ, এবং (৭) নাজিমখান।
৩	উলিপুর	(১) গুনাইগাছ, (২) দলদলিয়া, (৩) দুর্গাপুর, (৪) ডবকপুর, (৫) বুড়ারুড়ি, (৬) পান্ডুল, (৭) ধামশ্রেনী, (৮) ধরনীবাড়ী, (৯) খেতরাই, (১০) হাতিয়া, (১১) বজরা, (১২) বেগমগঞ্জ, (১৩) সাহেবের আলগা।
৪	চিলমারী	(১) থানাহাট, (২) রানীগঞ্জ, (৩) রমনা, (৪) চিলমারী, (৫) অষ্টমীচর এবং (৬) নয়্যারহাট।
৫	রৌমারী	(১) দাঁতভাঙ্গা, (২) শৌলমারী, (৩) বন্দবেড়, (৪) রৌমারী, এবং (৫) যাদুরচর।
৬	রাজিবপুর	(১) রাজিবপুর, (২) কোদালকাটি এবং (৩) মোহনগঞ্জ।
৭	নাগেশ্বরী	(১) রামখানা, (২) রায়গঞ্জ, (৩) বামনডাঙ্গা, (৪) বেরলবাড়ী, (৫) সন্তোষপুর, (৬) নেওয়াশী, (৭) হাসনাবাদ, (৮) ভিতরবন্দ, (৯) কালীগঞ্জ, (১০) নুনখাওয়া, (১১) নারায়নপুর, (১২) বল্লভেরখাম, (১৩) কেদার, এবং (১৪) কচাকাটা।
৮	ভুরুঙ্গামারী	(১) পাথরডুবি, (২) শিলখুড়ি, (৩) তিলাই, (৪) পাইকের ছড়া, (৫) ভুরুঙ্গামারী, (৬) জয়মনিরহাট, (৭) আন্ধারীঝাড়, (৮) বলদিয়া, (৯) চর ভুরুঙ্গামারী, (১০) বঙ্গসোনাহাট।
৯	ফুলবাড়ী	(১) নাওডাঙ্গা, (২) শিমুলবাড়ী, (৩) ফুলবাড়ী, (৪) বড়ভিটা, (৫) ভাঙ্গামোড়, এবং (৬) কাশিপুর।

পৌরসভাসমূহ: (১) কুড়িগ্রাম সদর, (২) উলিপুর এবং (৩) ভুরুঙ্গামারী।

২. বাস্তবায়ন পদ্ধতি

২.১ প্রাথমিক কার্যক্রম (Primary Task)

প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়নের নিমিত্ত নির্ধারিত কার্যক্রম বা প্রকল্পের অংগসমূহ বাস্তবায়নে করণীয় পদক্ষেপসমূহ :-

- নির্বাচিত ইউনিয়ন বা পৌরসভার ওয়ার্ডভুক্ত গ্রামের তালিকা সংগ্রহ, ওয়ার্ড সীমানা চিহ্নিতকরণ;
- ওয়ার্ড এলাকায় জরিপের মাধ্যমে অভীষ্ট জনগোষ্ঠী সনাক্তকরণ;
- ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে সামাজিক অবস্থান বিশ্লেষণপূর্বক ওয়ার্ড ও ইউনিয়ন কমিটি গঠনের উদ্যোগ গ্রহণ (এ ক্ষেত্রে ইউআরডিও প্রয়োজনে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের সহায়তা নিবেন);
- অভীষ্ট জনগোষ্ঠী সমন্বয়ে ওয়ার্ড সংসদেও সাংগঠনিক কার্যক্রম সৃষ্টি;
- কার্যক্রম সঞ্চালন;
- পরিবার পরিকল্পনা ও অন্যান্য কল্যানমূলক/ বাল্যবিবাহরোধসহ বিভিন্ন সামাজিক বিষয়ে উদ্বুদ্ধকরণ;
- আর্থ-সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম, সামাজিক অনগ্রসরতা চিহ্নিত করে সমাধানের জন্য প্রচারণা ও জনমত সৃষ্টি;
- প্রশিক্ষণ প্রদান;
- প্রশিক্ষণোত্তর সহায়তাদান;
- বিভিন্ন সেবাদানকারী সরকারি প্রতিষ্ঠান (NBD) ও বেসরকারি প্রতিষ্ঠান (NGO) এর সাথে যোগাযোগ;
- নেটওয়ার্ক তৈরি;
- সংশ্লিষ্টদের সাথে প্রকল্পের উদ্দেশ্য ও করণীয় সম্পর্কে সভা/ সেমিনার আয়োজন;
- প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের সহায়ক পরিবেশ সৃষ্টি;
- তথ্য প্রবাহ (প্রকল্পের কার্যক্রম, লক্ষ্য, কৌশল) নিশ্চিতকরণ;
- মনিটরিং ও পর্যালোচনা।

২.২ প্রকল্পের কর্মপ্রবাহ:

- জরিপ
- সুফলভোগী (সদস্য) নির্বাচন
- ওয়ার্ড সংসদ গঠন
- ইউডিসি গঠন
- প্রশিক্ষণার্থী বাছাই
- প্রশিক্ষণ আয়োজন
- প্রশিক্ষণোত্তর সহায়তা প্রদান
- সামাজিক উন্নয়ন কার্যক্রম
- সকল কাজের ডাটাবেইজ তৈরি।

২.৩ প্রকল্প কার্যক্রমে চালিকাশক্তি:

- আত্মসম্মানবোধ জাগ্রত করা
- একতাবদ্ধ হওয়ার মানসিকতা সৃষ্টি
- নিজস্ব সম্পদ সৃষ্টির প্রয়াস
- চাহিদাভিত্তিক পরিকল্পনা প্রণয়ন
- বাস্তবায়ন পর্যায়ে দায়িত্ব বিভাজন
- নিয়মিত মনিটরিং ও পর্যালোচনা
- তথ্যপ্রযুক্তির সাথে সম্পৃক্তকরণ

৩. জরিপ ও সংগঠন

৩.১ প্রকল্প এলাকায় অভীষ্ট জনগোষ্ঠী নির্বাচনের লক্ষ্যে প্রথমত: জরিপ কাজ হাতে নিতে হবে (পরিশিষ্ট-১)।

৩.২ জরিপ এর উদ্দেশ্য:

- ওয়ার্ডের অন্তর্ভুক্ত গ্রামের সাধারণ তথ্য সংগ্রহ ও এলাকা অবস্থান।
- সরেজমিনে পরিদর্শন করে ওয়ার্ডের সকল গ্রামের বাসিন্দাদের আর্থ-সামাজিক অবস্থান যাচাই করা
- এলাকার স্থানীয় উল্লেখযোগ্য পেশা জানা (সহযোগী পেশাসহ)।
- এলাকার সাধারণ কৃষি উৎপাদনের তথ্য সংগ্রহ।
- স্থানীয় প্রতিষ্ঠান/ সংগঠকসমূহের অবস্থান জানা।
- উন্নয়ন কর্মকাণ্ডে স্থানীয় জনগণের আগ্রহ ও মানসিকতা যাচাই;
- প্রাকৃতিক ও ভৌগোলিক পরিবেশ নিরূপণ।
- বিভিন্ন কৃষি পণ্য, শিল্পজাত পণ্য উৎপাদন, তৈরি, বিপণন, সংরক্ষণ ও বাজারজাতকরণের সম্ভাবনা যাচাই
- বিভিন্ন সেবা প্রাপ্তি সম্পর্কে তথ্য জানা।
- ওয়ার্ডের বিভিন্ন পরিসংখ্যান সংগ্রহ ও সংরক্ষণ।

৩.৩ জরিপের সাধারণ প্রক্রিয়া:

- সাধারণভাবে ইউনিয়ন সমন্বয়কারী জরিপ কাজের প্রাথমিক তথ্য সংগ্রহ করবেন।
- স্থানীয়ভাবে গ্রাম এলাকার বাসিন্দাদের সংগে আর্থসামাজিক সমস্যা ও সমাধান সংক্রান্ত খোলামেলা আলোচনা।
- সমস্যা চিহ্নিতকরণ, বিশ্লেষণ ও সমাধানের উপায় বা পথ উদ্ভাবন।
- ওয়ার্ড ও ইউনিয়নের নির্বাচিত প্রতিনিধি ও গ্রামের প্রতিনিধিদের সাথে উন্মুক্ত সভার মাধ্যমে।
- স্থানীয় বিভিন্ন সংগঠনের নেতৃত্বের সাথে আলোচনা।
- এলাকায় আর্থসামাজিক অবস্থা নিরূপণ ও সমস্যা চিহ্নিতকরণ।
- স্থানীয় সম্পদ চিহ্নিত করা ও ব্যবহার বিধি জানা।
- উন্নয়ন সম্পর্কে আগ্রহ, পথ বা উপায় জানা।
- অভীষ্ট জনগোষ্ঠীর মানদণ্ড অনুযায়ী যাচাইকৃত ব্যক্তিবর্গের গ্রামভিত্তিক তালিকা প্রস্তুত।
- ওয়ার্ড পর্যায়ে একীভূতকরণ।
- একীভূত তালিকা ইউডিসি'র অনুমোদনে উহা পরিপূর্ণতা লাভ করবে।
- একীভূত তালিকা অনুসারে স্থানীয় প্রতিষ্ঠান গঠনকল্পে উদ্যোগ।
- গ্রামভিত্তিক নির্বাচিত ব্যক্তিদের নিয়ে সভা আয়োজন করে প্রকল্পের উদ্দেশ্য, কার্যক্রম ও সংশ্লিষ্টদের করণীয় ও দায়িত্ব অবহিত ও মতামত বিনিময়।
- আলাপ-আলোচনার মাধ্যমে প্রকল্পের প্রকৃত উপকারভোগী চিহ্নিত হবে এবং দলগঠনের প্রাথমিক স্তর সৃষ্টি হবে।

৪. সংগঠন সৃষ্টি

সামাজিকভাবে একতাবদ্ধ, সংগঠিত ও ক্ষমতায়িত হয়ে আত্মসম্মান, সচেতনতা ও উপলব্ধিবোধ সৃষ্টির মাধ্যমে নিজেদের সমস্যা সমাধানের সামর্থ্য সৃষ্টির লক্ষ্যে সংগঠন সৃষ্টির ব্যবস্থা নিতে হবে।

৪.১ ওয়ার্ড সংসদ গঠনের পদক্ষেপ

- ইউনিয়ন সমন্বয়কারী উপজেলা কর্তৃপক্ষ বরাবর জরিপ উত্তর ওয়ার্ডভিত্তিক একীভূত তালিকা দাখিল।
- ইউআরডিও কর্তৃক তালিকা চূড়ান্তকরণ। এ ক্ষেত্রে ইউআরডিও প্রয়োজনে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের সহায়তা নিবেন।
- ওয়ার্ডভুক্ত তালিকা হতে প্রত্যেক গ্রামের প্রতিনিধিদের নিয়ে সংগঠন গঠনের জন্য সভা আয়োজন। এ বিষয়ে ইউআরডিও ব্যবস্থা নিবেন। সাধারণত একটি সভা আয়োজন করে তা চূড়ান্ত করা বাঞ্ছনীয়।
- উপরিলিখিত সভায় সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান, নির্বাচিত ওয়ার্ড মেম্বার, স্থানীয় অঙ্গ সংগঠনের প্রতিনিধিবৃন্দকে আমন্ত্রণ ও উপস্থিতির জন্যে ব্যবস্থা নিতে হবে।
- সভায় ওয়ার্ড সংসদ গঠনের গুরুত্ব, উদ্দেশ্য, গঠনের ধরন ইত্যাদি নিয়ে আলোচনা করার পর গঠন কাঠামো অনুযায়ী ওয়ার্ড সংসদ গঠন করতে হবে।

৪.২ ওয়ার্ড সংসদ

- ওয়ার্ড : এক বা একাধিক গ্রাম নিয়ে সরকার নির্ধারিত ইউনিয়ন অভ্যন্তরে চিহ্নিত প্রশাসনিক এলাকা। প্রত্যেক ইউনিয়নে ৯টি ওয়ার্ড থাকে।
- ওয়ার্ড সংসদ : ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে পৃথক পৃথক ওয়ার্ড সংসদ গঠিত হবে।

৪.৩ ওয়ার্ড সংসদের কমিটির সদস্য সংখ্যা হবে কমপক্ষে ২৫ জন।

- কমিটির কাঠামো

সভাপতি	-	০১ জন
সহসভাপতি	-	০২ জন (১জন অবশ্যই মহিলা)
কোষাধ্যক্ষ	-	০১ জন
সাধারণ সদস্য	-	ওয়ার্ড সংসদের সকল সদস্য
সদস্যসচিব	-	০১ জন (ইউনিয়ন সমন্বয়কারী)

৪.৪ ওয়ার্ড সংসদ গঠন প্রণালী

- ওয়ার্ডের নির্বাচিত সদস্যগণ পদাধিকার বলে ওয়ার্ড সংসদের উপদেষ্টা হবেন।
- ওয়ার্ডভুক্ত গ্রামের বিভিন্ন পেশা যেমন: স্কুল শিক্ষক, ধর্মীয় নেতা, স্থানীয় সমাজকর্মী ও মুক্তিযোদ্ধার সর্বোচ্চ ৬ প্রতিনিধি কমিটির উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত হবেন।
- কমিটির ন্যূনতম ১/৫ অংশ মহিলাদের মধ্য হতে নির্বাচন করতে হবে। তবে মোট সদস্যের অর্ধেক মহিলা হলে ভালো হয়।
- সরকারি অথবা বিআরডিবি'র অন্যান্য প্রকল্প বা কর্মসূচির সদস্যগণ এই প্রকল্পের সদস্য হতে পারবেন না।
- প্রত্যেক গ্রামের চিহ্নিত উপকারভোগীদের সাধারণ সভায় উপস্থিত অধিকাংশের মতামত অনুযায়ী বা সমর্থনে ওয়ার্ড সংসদ এবং ওয়ার্ড সংসদের কমিটি গঠিত হবে।

- প্রথম সাধারণ সভায় মনোনীত একজন সদস্য উপস্থিত সদস্যদের অধিকাংশের সম্মতির ভিত্তিতে সভাপতিত্ব করবেন।
- ওয়ার্ড সংসদ গঠনে প্রকল্পের ইউনিয়ন সমন্বয়কারী মূল সহায়তাকারী হিসেবে দায়িত্ব পালন করবেন।

8.৫ ওয়ার্ড সংসদের কার্যপ্রণালী

- কমিটির মেয়াদ হবে ২ বছর।
- ওয়ার্ড সংসদ তার অর্পিত দায়িত্ব পালনে ব্যবস্থা গ্রহণকল্পে মাসে ন্যূনপক্ষে ১ বার সভায় মিলিত হবেন।
- সকল উন্নয়নমূলক গৃহিত সিদ্ধান্ত ও সুপারিশ কার্যবিবরণী আকারে ইউনিয়ন উন্নয়ন কমিটির নিকট প্রেরণসহ স্বচ্ছতা ও অংশগ্রহণ নিশ্চিত করার জন্য ওয়ার্ডের জনগণকে অবহিত ও প্রকাশ করানোর ব্যবস্থা নিতে হবে।
- উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন সেবাদানকারী সংস্থা যেমন- জাতিগঠনমূলক বিভাগ, ইউনিয়ন পরিষদ এবং এনজিও'র সংগে নিবিড় যোগাযোগ রক্ষা করে সেবা সুবিধা প্রাপ্তির ব্যবস্থা করা।
- প্রকল্পের ইউনিয়ন সমন্বয়কারী সভার আয়োজন ও সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করবেন।
- প্রকল্প হতে প্রয়োজনীয় খাতাপত্রাদি সরবরাহ করা হবে।
- এছাড়া ওয়ার্ড সংসদ বিভিন্ন সেবাদানকারী সংস্থার বিভিন্ন কার্য-সম্পাদনে সহযোগিতা প্রদান করবেন।
- ওয়ার্ডভুক্ত বিভিন্ন গ্রামের আর্থ-সামাজিক উন্নয়নে কর্মকান্ডের সুবিধা গ্রহণ ও বাস্তবায়নে সহায়তা করবেন।

8.৬ ওয়ার্ড সংসদের দায়িত্ব-কর্তব্য

- সামাজিক দায়বদ্ধতা ও দায়বোধগম্যতা সৃষ্টি।
- স্থানীয়ভাবে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও যথাস্থলে প্রেরণ।
- বিভিন্ন সেবামূলক প্রতিষ্ঠান হতে সেবা পেতে প্রয়োজনীয় ব্যবস্থা/ উদ্যোগ গ্রহণ। যোগাযোগ রক্ষা সুবিধা ও মাধ্যম হিসেবে ভূমিকা পালন।
- স্বাস্থ্য-পুষ্টি, পয়ঃপ্রণালী, পানি নিষ্কাশন, শিক্ষা সংক্রান্ত সুবিধা প্রাপ্তির জন্য সুনির্দিষ্ট সংস্থার সাথে সংযোগ/ নিবিড় যোগাযোগ।
- সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মসূচী, কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা প্রদান।
- দ্বন্দ্ব নিরসন, স্থানীয় শান্তি শৃংখলা স্থাপনে সহায়তা প্রদান।
- ওয়ার্ডের জনগণের সার্বিক উন্নয়ন, কল্যাণমূলক কাজে অংশগ্রহণে উৎসাহ প্রদান ও সহযোগিতা প্রদান।
- সামগ্রিকভাবে সবাই একত্রিত হয়ে কাজের সমন্বয়ের মাধ্যমে মানবিক উন্নয়ন ও সহযোগী উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিতকরণে যোগাযোগ, উদ্যোগ গ্রহণ ও সহায়তা প্রদান।

8.৭ ইউনিয়ন উন্নয়ন কমিটি (UDC):

- প্রকল্প এলাকায় সুষ্ঠুভাবে কার্যক্রম সমন্বয়, উন্নয়ন কার্যক্রম পরিচালনা/ পর্যালোচনার জন্য একটি ইউনিয়ন উন্নয়ন কমিটি গঠন করতে হবে।
- ইউআরডিও প্রথমেই সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সংগে সংশ্লিষ্ট বিষয়ে যোগাযোগ করে ইউনিয়ন উন্নয়ন কমিটি সম্পর্কে বিস্তারিত অবহিত করবেন।
- উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর সংগে যোগাযোগ করে ইউআরডিও ইউনিয়ন উন্নয়ন কমিটি গঠন বিষয়ে, গঠন প্রণালী এবং দায়িত্ব ও কর্তৃক সম্পর্কে সংশ্লিষ্টদেরকে অবহিত করবেন। এ ক্ষেত্রে ইউআরডিও প্রয়োজনে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের সহায়তা নিবেন।
- উপজেলা কর্তৃপক্ষের সংগে যোগাযোগ করে সভা আয়োজনের ব্যবস্থা নিবেন।

- সভায় সকল ওয়ার্ড সংসদের প্রতিনিধি, স্থানীয় এনজিও প্রতিনিধি, জাতিগঠনমূলক বিভাগের প্রতিনিধিবৃন্দকে উপস্থিত করানোর ব্যবস্থা নিতে হবে।
- সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ে এই সভা অনুষ্ঠানের ব্যবস্থা নিতে হবে।
- উক্ত সভায় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সভাপতিত্ব করবেন।
- উপজেলা চেয়ারম্যানকে প্রধান অতিথি ও উপজেলা নির্বাহী কর্মকর্তাকে প্রধান আলোচক এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত করানোর ব্যবস্থা নেয়া যেতে পারে।

8.৮ ইউনিয়ন উন্নয়ন কমিটি (UDC)

ইউনিয়ন পরিষদ ও ইউনিয়ন পর্যায়ে কর্মরত সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের এবং ওয়ার্ড সংসদের মধ্যে সংযোগ স্থাপন, প্রকল্পের উন্নয়ন কর্মকাণ্ড, সু-সমন্বয় নিশ্চিতকরণসহ ইউনিয়ন পর্যায়ে 'উন্নয়ন ফোরাম' হিসেবে প্রকল্প এলাকায় ইউনিয়ন উন্নয়ন কমিটি গঠিত হবে।

কমিটির গঠন কাঠামো :

- (১) সভাপতি : ইউপি চেয়ারম্যান।
- (২) সহসভাপতি : ইউপি'র মহিলা মেম্বার
- (৩) সদস্য
 - সকল ইউনিয়ন পরিষদের নির্বাচিত সদস্য;
 - ওয়ার্ড সংসদের সভাপতি ও সদস্য সচিব;
 - ইউনিয়ন পর্যায়ে কার্যরত সরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি;
 - ইউনিয়ন পর্যায়ের বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি।
- (৪) সাংগঠনিক সম্পাদক : ইউনিয়ন পরিষদের সচিব।
- (৫) সদস্য-সচিব : প্রকল্পের ইউনিয়ন সমন্বয়কারী।

কমিটির কর্ম পরিধি:

- মাসে ন্যূনপক্ষে একবার কমিটির সভা আয়োজন।
- সভার মাধ্যমে উন্নয়ন পরিকল্পনা গ্রহণ। বিভিন্ন কার্যক্রমের বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ। কমিটির সিদ্ধান্ত ও উন্নয়ন পরিকল্পনা উপজেলা পরিষদে প্রেরণ ও যোগাযোগ রক্ষা করণ।
- ইউনিয়ন পর্যায়ে প্রকল্পের বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের মধ্যে সমন্বয় সাধন।
- বিভিন্ন প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কার্যক্রমে সহায়তা ও সহযোগিতা প্রদান।
- ইউনিয়ন পর্যায়ে প্রণীত সকল উন্নয়ন পরিকল্পনা সকলের অবগতির জন্য প্রকাশ।
- বিভিন্ন উন্নয়ন দফতরের সব সুবিধা প্রাপ্তিতে উদ্যোগ গ্রহণ, চাহিদা প্রেরণ ও যোগাযোগ করণ এবং প্রাপ্ত সেবার ও সুবিধার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ।
- ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠানের উন্নয়ন কার্যক্রম পর্যালোচনা।
- প্রকল্প কার্যক্রমের বিষয়ে কোনো অভিযোগ উত্থাপিত হলে বা কোনো দ্বন্দ্বের সৃষ্টি হলে, অভিযোগকারী, অভিযুক্ত এবং প্রকল্প বাস্তবায়নকারীর সাথে আলোচনাক্রমে উপজেলা নির্বাহী অফিসারের দেয় রায় বা সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে গণ্য হবে। এক্ষেত্রে, নিষ্পত্তি না হলে, প্রকল্প পরিচালক ডিপিপি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবেন।

৫. প্রশিক্ষণ কার্যক্রম

উন্নয়নের লক্ষ্য অর্জনে যে কোন উন্নয়ন প্রকল্পের কার্যক্রমের একটি প্রধান লক্ষ্য যথাযথ প্রশিক্ষণ অত্যন্ত কার্যকর পছন্দ। এ জন্য প্রকল্পে সুবিধাভোগীদের জন্য প্রশিক্ষণের পাশাপাশি প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরও প্রশিক্ষণের ব্যবস্থা রাখা হয়েছে।

৫.১ প্রকল্পের প্রশিক্ষণের লক্ষ্য

- প্রকল্পের উপকারভোগীদের গণসচেতনতা সৃষ্টি।
- প্রকল্পের উপকারভোগী ও কর্মী জনবলের সামর্থ্য ও যোগ্যতা বৃদ্ধি।
- বিভিন্ন আর্থ-সামাজিক বিষয়ে বিভিন্ন তথ্য প্রদানের মাধ্যমে কর্মস্পৃহা, কর্মধারণা বৃদ্ধি করা ও পরিবর্তনমুখী মনোভাব সৃষ্টি।
- উন্নয়নের অগ্রযাত্রাকে বেগবান করা।
- পেশাভিত্তিক বিভিন্ন দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ প্রদান যার মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ-সৃষ্টি, আয়-বৃদ্ধির মাধ্যমে জীবন যাত্রার মাননোয়ন।
- সঠিক বিপণন তথ্য ও কৌশল বিনিময়।

৫.২ প্রকল্পে প্রশিক্ষণের প্রকার

- দক্ষতা বৃদ্ধি শীর্ষক প্রশিক্ষণ।
- আইজিএ প্রশিক্ষণ।
- প্রকল্পের জনবলের কর্মদক্ষতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ।

৫.৩ প্রশিক্ষণার্থী নির্বাচন প্রক্রিয়া

- স্থানীয় চাহিদা এবং উন্নয়ন চাহিদা মোতাবেক গ্রামের উপকারভোগীদের মধ্যে আনুষ্ঠানিকভাবে ওয়ার্ড সংসদ তালিকা সংগ্রহ করবে।
- ওয়ার্ড সংসদ উক্ত তালিকা যাচাই-বাছাই করে ইউনিয়ন কমিটি বরাবরে প্রেরণ করবেন।
- ইউনিয়ন কমিটি পুনঃ যাচাই করে একটি তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য ইউআরডিও বরাবরে প্রেরণ করবে।
- ইউআরডিও উক্ত তালিকা চূড়ান্ত অনুমোদন করবেন।
- অনুমোদিত তালিকা অনুযায়ী প্রকল্প কর্তৃক প্রকল্পের অনুমোদিত প্রশিক্ষণ সমূহে প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ নিবেন।

৫.৪ প্রকল্প অনুমোদিত প্রশিক্ষণার্থী অনুমোদনের মানদণ্ড

- যিনি ১০০% স্থানীয় কর (হোল্ডিং ট্যাক্স) পরিশোধ করেন।
- উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক দস্তখ্ত নহেন।
- বাল্যবিবাহ দিবেন না বা এই জাতীয় কার্যক্রমে অংশগ্রহণ হতে বিরত থাকেন।
- যিনি স্বীয় পরিবারকে শিক্ষা গ্রহণে উৎসাহ প্রদান বা সুযোগ সৃষ্টি করেন।
- যাঁদের দুইয়ের অধিক সন্তান নেই, তাদেরকে অগ্রাধিকার দিতে হবে।
- যাঁর আগ্রহ ও উৎসাহ থাকা সত্ত্বেও সন্তানদের শিক্ষা প্রদানে অসমর্থ।
- এইভাবে অনুমোদিত প্রশিক্ষণ বিষয়ে যোগ্য ও প্রকৃত আগ্রহী সদস্যদের প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে।

৫.৫ IDEAL প্রকল্পের আওতায় প্রশিক্ষণগুলো হচ্ছেঃ

৫.৫.১ সুবিধাভোগীদের জন্য প্রশিক্ষণ

প্রকল্পের আওতায় সুবিধাভোগীদের দক্ষতা উন্নয়ন ও আর্থসামাজিক বিষয়ে নিম্নবর্ণিত এলাকাগুলোতে প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা রাখা হয়েছে। প্রকল্প মেয়াদে ১৭,৫৩৫ জন সুফলভোগীসহ মোট ২০,৭৩৪ জনকে প্রশিক্ষণ দেয়ার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

৫.৫.২ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

ওয়ার্ড সংসদদের এবং ইউনিয়ন উন্নয়ন কমিটিতে (UDC) সার্বিক উন্নয়ন নিশ্চিত করার জন্য দক্ষতা বৃদ্ধি লক্ষ্যে এই প্রশিক্ষণগুলো দেয়া হবে। যে সকল খাতে প্রশিক্ষণগুলো দেয়া হবে তা নিম্নরূপ:-

- ইউনিয়ন পরিষদের সদস্যদেরকে অবহিতকরণ কোর্স;
- WS ও UDC এর সদস্যদের জন্য “ব্যবস্থাপনা ও সমন্বয়” কোর্স;
- WS ও UDC এর সদস্যদের জন্য “Crisis ব্যবস্থাপনা” কোর্স;
- WS ও UDC এর কমিটির প্রতিনিধিদের জন্য “বাজার Chain ব্যবস্থাপনা” কোর্স;
- নির্বাচিত সুবিধাভোগীদের নিয়ে “গাছের ডাক্তার (Plant doctor)” প্রশিক্ষণ কোর্স।

৫.৫.৩ আয়বর্ধনমূলক প্রশিক্ষণ

প্রকল্পের সুবিধাভোগীদের জন্য ০৩(তিন) ধরনের আয়বর্ধনমূলক প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা রাখা হয়েছে।

- কারিগরি বিষয়ক আয়বর্ধনমূলক (IGA) প্রশিক্ষণ;
- সাধারণ IGA প্রশিক্ষণ;
- চর এলাকার জন্য বিশেষ প্রশিক্ষণ।

৫.৫.৩ (ক) কারিগরি বিষয়ক আয়বর্ধনমূলক (IGA) প্রশিক্ষণ

কারিগরি বিষয়ক আয়বর্ধনমূলক (IGA) প্রশিক্ষণগুলো outsourcing এর মাধ্যমে বাস্তবায়িত হবে। নিম্নবর্ণিত বিষয়ে উপর প্রশিক্ষণ দিতে হবে।

- মোবাইল সার্ভিসিং;
- রেডিও ও টেলিভিশন সার্ভিসিং;
- ইলেক্ট্রিকেল ও ইলেক্ট্রনিক্স;
- মৌলিক কম্পিউটার প্রশিক্ষণ।

৫.৫.৩ (খ) সাধারণ IGA প্রশিক্ষণ

এই প্রশিক্ষণ উপজেলা দপ্তরগুলোতে বিভিন্ন জাতিগঠনমূলক বিভাগসমূহের সহায়তা নিয়ে বাস্তবায়িত করতে হবে। নিম্নবর্ণিত নির্বাচিত খাতগুলোর উপর প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

- সেলাই ও দর্জি বিদ্যা;
- কাপড়ের উপর কারুকাজ;
- বাড়ীর আঙ্গিনায় সবজি চাষ;
- গৃহপালিত প্রাণী সম্পদের টিকা প্রদান;

- হাঁস, মুরগী, কবুতর পালন;
- চেম্বাচা, এ্যকুরিয়াম, ছোট ছোট মৎস্যধার বা জলাধারে মৎস্য চাষ;
- গরু পালন;
- গরু মোটাতাজাকরণ;
- গাছের ডাক্তার;
- উত্তত বা কেঁচো সারের জন্য কেঁচো চাষ;
- মাশরুম চাষ;
- স্ট্রবেরি চাষ;
- খাদ্য প্রক্রিয়াজাতকরণ;
- খাদ্য ও কাঁচামাল সংরক্ষণ;
- বীজ উৎপাদন ও সংরক্ষণ;
- মা ও শিশু স্বাস্থ্য;
- Jute Ribbon Rating বা পাটজাত দ্রব্য তৈরি;
- গ্রামীণ ক্ষুদ্র উদ্যোক্তা বিষয়ক প্রশিক্ষণ।

উপরের IGA গুলো ছাড়াও স্থানীয় ভাবে কোন IGA'র বিশেষায়িত চাহিদা থাকলে তা প্রকল্প সদর দপ্তরের অনুমতি নিয়ে প্রশিক্ষণ দেয়া যাবে।

৫.৫.৪ চর এলাকার সুবিধাভোগীদের জন্য বিশেষ প্রশিক্ষণ

চর এলাকায় সুবিধাভোগীদের জন্য নির্ধারিত IGA গুলোর পাশাপাশি চাহিদার ভিত্তিতে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। এই ধরনের প্রশিক্ষণের Vennue অবশ্যই চর এলাকা হতে পারে।

৫.৫.৫ প্রশিক্ষণার্থী নির্বাচন পদ্ধতি

- কোন সুবিধাভোগী কোন বিষয়ের উপর প্রশিক্ষণ নিতে চাইলে তিনি তার ওয়ার্ড সংসদ এর নিকট আবেদন করবে।
- ওয়ার্ড সংসদ সাপ্তাহিক অথবা মাসিক সভায় আলোচনা করে সুপারিশ করবে।
- ওয়ার্ড সংসদ এর সুপারিশ ছাড়া কোন সুবিধাভোগীকেই প্রশিক্ষণের জন্য নির্বাচন করা যাবে না।
- ওয়ার্ড সংসদ এর সুপারিশগুলো প্রাপ্তির পর UDC একটি অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে উপজেলা দপ্তরে প্রেরণ করবে।

৫.৫.৬ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পরই প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা নিতে হবে।

৫.৫.৭ প্রশিক্ষণের জন্য সুবিধাভোগী নির্বাচন বা মনোনয়নের মানদণ্ড:

প্রকল্পের অন্তর্ভুক্ত একজন সুবিধাভোগী যে কোন প্রশিক্ষণের জন্য নির্বাচিত বা মনোনয়ন পেতে হলে তাকে অবশ্যই নিম্নবর্ণিত শর্তগুলো পূরণ করতে হবে।

- ১০০% স্থানীয় খাজনা পরিশোধ থাকতে হবে।
- যথাযথ কর্তৃপক্ষ বা আদালত কর্তৃক কোন অপরাধ ও দোষী সাব্যস্ত হতে পারবে না।
- বাল্য বিবাহে আবদ্ধ হননি। কিংবা বাল্য বিবাহ করবেন না বা সহায়তা দিবেন না এই মর্মে অঙ্গীকার নামা দিতে হবে। সর্বোপরি বাল্য বিবাহ রোধের প্রচারণায় সক্রিয় অংশগ্রহণ থাকতে হবে।

- পরিবারের অভ্যন্তরে এবং প্রতিবেশীদের মাঝে শিক্ষার প্রসারে ভূমিকা রাখবেন।
- দুইটির বেশী সন্তান থাকবে না এবং পরিবার পরিকল্পনা গ্রহণে অঙ্গীকারবদ্ধ হতে হবে।
- নিজের এবং সমাজের উন্নয়নের ভূমিকা রাখতে অঙ্গীকারবদ্ধ হতে হবে।
- ঐ সকল পরিবারগুলোকে অগ্রাধিকার দিতে হবে যাদের সন্তানদের স্কুলে পাঠাবার সমর্থ্য নাই।
- মোট প্রশিক্ষণার্থীর কমপক্ষে ১০% চর এলাকা হবে নির্বাচন করতে হবে।
- প্রশিক্ষণ কার্যক্রম ব্যবস্থাপনা ও বাস্তবায়ন পরিকল্পনা প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা কর্তৃক প্রস্তুত হতে হবে।

৫.৫.৮ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ

৫.৫.৮ (ক) মৌলিক প্রশিক্ষণ

- প্রকল্পে নিয়োজিত ইউনিয়ন সমন্বয়কারী মার্কেট লিংকেজ ম্যানেজার, হিসাব রক্ষক, হিসাব সরহাকরী, ক্যাশিয়ার এবং মার্কেট লিংকেজ এর কর্মচারীদের জন্য নিয়োগের পরপরই মৌলিক প্রশিক্ষণ আয়োজন করতে হবে।
- মৌলিক প্রশিক্ষণগুলো বিআরডিটিআই সিলেট মহিলা প্রশিক্ষণ কেন্দ্র, টাংগাইল কিম্বা জেলা পর্যায়ে আবাসিক সুবিধা সম্বলিত প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে আয়োজন করতে হবে।
- মোট ১৯ ব্যাচে সকল কর্মকর্তা ও কর্মচারীদের মৌলিক প্রশিক্ষণ কোর্স সমাপ্ত করতে হবে।

৫.৫.৮ (খ) রিফ্রেশার্স কোর্স

ইউআরডিও এবং এআরডিওসহ প্রকল্পে নিয়োজিত সকল কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রকল্প মেয়াদে ০২টি রিফ্রেশার্স কোর্স আয়োজন করতে হবে।

৫.৫.৯ IDEAL প্রকল্পের বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণ পঞ্জিকা এবং বিস্তারিত বাজেট বিভাজন নিম্নে প্রদান করা হলো:-

৫.৫.৯ (ক) সেমিনার/ওয়ার্কসপ/সভা/শিক্ষা সফর

ক্র: নং ১	বিবরণ/ধরণ ২	প্রকল্প মেয়াদে সংখ্যা ৩	মেয়াদ ৪	বাজেট ৫	মন্তব্য ৬
০১।	উদ্বোধন	০১টি	০১ দিন	৫০,০০০/-	প্রকল্প সদর দপ্তর আয়োজন করবে।
০২।	অবহিতকরণ সভা	প্রতি উপজেলা ০১ টি	০১ দিন	৭২,০০০/-	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার আয়োজন করবে। প্রতি উপজেলা জন্য বাজেট ৮০০০/-
০৩।	সেমিনার/ওয়ার্কসপ	প্রতি উপজেলা ০১ টি	০১ দিন	৭২,০০০/-	-
০৪।	প্রকল্প ষ্টিয়ারিং কমিটি সভার ও প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা	প্রকল্প মেয়াদে মোট ১২টি এবং বছরে ৩টি	-	১,৮০,০০০/-	প্রকল্প পরিচালক আয়োজন করবে।
০৫।	উপজেলা সমন্বয়ন কমিটি সভা	প্রকল্প মেয়াদে ০৯টি উপজেলায় মোট ১০৮টি অর্থাৎ প্রতি উপজেলায় ১২টি করে সভা অনুষ্ঠানের আয়োজন করতে হবে।	-	১,০৮,০০০/-	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার আয়োজন করবে। প্রতিটি সভার জন্য বরাদ্দ ১০০০/-
০৬।	WDA এর সমন্বয় সভা	-	-	৪,১৮,০০০/-	প্রকল্প পরিচালক উপজেলাওয়ারি অর্থ ছাড় করবে।
০৭।	UDA এর সমন্বয় সভা	-	-	১,০০,০০০/-	ঐ

৫.৫.৯ (খ) প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশিক্ষণের বাজেট বিভাজন

ক্র: নং	কোর্স এর নাম/ধরণ	কোর্সের মেয়াদ	কোর্সের ভেন্যু	প্রশিক্ষণার্থীর সংখ্যা	ব্যাচ সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
০১।	ইউনিয়ন সমন্বয়কারীদের মৌলিক প্রশিক্ষণ	১০ দিন	মহিলা প্রশিক্ষণ কেন্দ্র, টাংগাইল	৩০ জন	১টি	প্রকল্প পরিচালক ব্যবস্থা নিবে।
০২।	হিসাব রক্ষক, হিসাব সহকারী এবং ক্যাশিয়ারদের মৌলিক প্রশিক্ষণ	৭ দিন	বিআরডিটিআই	১৪ জন	১টি	ঐ
০৩।	মার্কেট লিংকেজ কর্মকর্তা ও কর্মচারীদের অবহিতকরণ কোর্স	২ দিন	জেলা পর্যায়ে অনুষ্ঠিত হতে হবে।	১০ জন	১টি	ঐ
০৪।	ইউআরডিও, এআরডিও, ইউনিয়ন সমন্বয়কারী, এবং অন্যান্যদের রিফ্রেসার্স কোর্স	২ দিন	প্রকল্প সদর দপ্তরে অনুষ্ঠিত হবে	৩০ জন ৩ = ৯০ জন	৩ টি ব্যাচে অনুষ্ঠিত হবে। প্রতি ব্যাচে ৩০ জন	প্রকল্প মেয়াদের ৩য় বছরে প্রকল্প পরিচালিক আয়োজন করবে।
০৫।	হিসাব রক্ষক, হিসাব সহকারী এবং অন্যান্যদের রিফ্রেসার্স কোর্স	১ দিন	প্রকল্প অফিসে অনুষ্ঠিত হবে	২৫ জন ২ = ৫০ জন	২টি ব্যাচে অনুষ্ঠিত হবে। প্রতি ব্যাচে ২৫ জন	ঐ

৫ (খ-১) প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ, অবহিতকরণ কোর্স এবং রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স সমূহের বাজেট বিভাজন।

(খ-১/১) কোর্সের নাম : ইউনিয়ন সমন্বয়কারীদের মৌলিক প্রশিক্ষণ(১০দিন)

ক্র:নং ১	খরচের খাত/বিবরণ ২	ব্যয় ৩	মন্তব্য ৪
০১।	প্রশিক্ষার্থীদের ভাতা (প্রতিজন ২০০০/- X ৩০ জন)	৬০,০০০/-	প্রকল্প অফিস প্রাপ্তি স্বীকারের মাধ্যমে সরাসরি প্রশিক্ষার্থীদেরকে প্রদান করবে।
০২।	প্রশিক্ষার্থী প্রতি প্রাতিষ্ঠানিক ব্যয় (প্রতিজন ৬০০০/- X ৩০ জন) = ১,৮০,০০০/- বিভাজনঃ- ক) প্রশিক্ষক ভাতা (প্রতি ক্লাস ৫০০/- X প্রতিদিন ৫টি ক্লাস X ১০ দিন) = ২৫০০০/- খ) প্রশিক্ষণ উপকরণ (ব্যাগ/খাতা/কলম ইত্যাদি) (প্রতিজন ১০০০/- X ৩০ জন) = ৩০,০০০/- গ) প্রশিক্ষার্থীদের খাবার (৩ বেলা) ৬০/- + ১২০/- + ১২০/- = ৩০০/- (৩০০/- X ৩০ জন X ১০ দিন) = ৯০,০০০/- ঘ) প্রশিক্ষণ চলাকালীন উদ্দীপক চা-নাস্তা(প্রতিদিন ২ বার) (৬০/- X ১০ দিন X ৩০ জন) = ১৮,০০০/- ঙ) প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশাসনিক ব্যয় (হোস্টেল কক্ষ ভাড়া/চিভবিনোদন /প্রশিক্ষার্থীদের প্রাথমিক চিকিৎসা ইত্যাদি) = ১৫,০০০/- চ) বিবিধ = ২,০০০ উপমোট = ১,৮০,০০০/-	১,৮০,০০০	এক খাতের অর্থ অন্য খাতে অর্থাৎ আন্তঃখাত সমন্বয় করা যাবে না।
০৩।	প্রশিক্ষার্থীদের ভ্রমণ ভাতা (প্রতিজন ৮০০/- X ৩০ জন)	২৪,০০০/-	প্রকল্প অফিস প্রাপ্তি স্বীকারের মাধ্যমে সরাসরি প্রশিক্ষার্থীদেরকে প্রদান করবে।
	মোট	২,৬৪,০০০/-	

(খ-১/২) কোর্সের নামঃ হিসাব রক্ষক, হিসাব সহকারী এবং ক্যাশিয়ারগণের মৌলিক প্রশিক্ষণ

ক্র:নং	খরচের খাত/বিবরণ	ব্যয়	মন্তব্য
১	২	৩	৪
০১।	প্রশিক্ষার্থীদের ভাতা (প্রতিজন ১,২০০/- x ১৪ জন)	১৬,৮০০/-	প্রকল্প অফিস প্রাপ্তি স্বীকারের মাধ্যমে সরাসরি প্রশিক্ষার্থীদেরকে প্রদান করবে।
০২।	প্রশিক্ষার্থী প্রতি প্রাতিষ্ঠানিক ব্যয় (প্রতিজন ৪,৫০০/-x ১৪ জন) = ৬৩,০০০/- বিভাজনঃ- ক) প্রশিক্ষক ভাতা (প্রতি ক্লাস ৫০০/- x প্রতিদিন ৫টি ক্লাস ৭ দিন) =১৭,৫০০/- খ) প্রশিক্ষণ উপকরণ (প্রতি প্রশিক্ষার্থী ৫০০/- ১৪ জন) = ৭০০০/- গ) প্রশিক্ষার্থীদের খাবার (৩ বেলা) ৫০/+১০০/-+১০০/- =২৫০/- (২৫০/- x ১৪ জন x ৭ দিন) = ২৪,৫০০/- ঘ) প্রশিক্ষণ চলাকালীন উদ্দীপক চা-নাস্তা (প্রতিদিন ২ বার) ৪০/- x ১৪ দিন x ৭ জন =৩,৯২০/- ঙ) প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশাসনিক ব্যয় (হোস্টেল কক্ষ ভাড়া/চিহ্নবিনোদন /প্রশিক্ষার্থীদের প্রাথমিক চিকিৎসা ইত্যাদি) =৯,০৮০/- চ) বিবিধ =১,০০০/- উপমোট =৬৩,০০০/-	৬৩,০০০/-	
০৩।	প্রশিক্ষার্থীদের ভ্রমণ ভাতা (প্রতিজন ৮০০/- x ৩০ জন)	১১,২০০/-	প্রকল্প অফিস প্রাপ্তি স্বীকারের মাধ্যমে সরাসরি প্রশিক্ষার্থীদেরকে প্রদান করবে।
	মোট	৯১,০০০/-	

(খ-১/৩) কোর্সের নামঃ মার্কেট লিংকেজ কর্মকর্তা ও কর্মচারীদের অবহিতকরণ কোর্স।

ক্র:নং ১	খরচের খাত/বিবরণ ২	ব্যয় ৩	মন্তব্য ৪
০১।	প্রশিক্ষার্থীদের ভাতা প্রতিজন ৪০০/- X ১০ জন	৪,০০০/-	
০২।	প্রশিক্ষার্থী প্রতি প্রাতিষ্ঠানিক ব্যয় প্রতিজন ১,০০০/- X ১০ জন = ১০,০০০/- বিভাজনঃ- ক) প্রশিক্ষক ভাতা (প্রতি ক্লাস ৫০০/- X প্রতিদিন ৪টি ক্লাস ২ দিন) =৪,০০০/- খ) প্রশিক্ষণ উপকরণ প্রতি জন ১০০/- X ১০ জন = ১,০০০/- গ) প্রশিক্ষার্থীদের খাবার প্রতিজন ১২০/- X ১৫ জন (প্রশিক্ষণ সংশ্লিষ্ট কর্মকর্তাসহ ২ দিন) = ৩,৬০০/- ঘ) প্রশিক্ষণ চলাকালীন উদ্দীপক চা-নাস্তা প্রতিজন ৩০/- X ১৫ জন X ২ দিন = ৯০০/- ঙ) বিবিধ = ৫০০/- উপমোট = ১০,০০০/-	১০,০০০/-	
০৩।	প্রশিক্ষার্থীদের ভ্রমণ ভাতা প্রতিজন ২০০/- X ১০ জন মোট	২,০০০/- ১৬,০০০/-	

(খ-১/৪) কোর্সের নামঃ ইউআরডিও/এআরডিও/ইউনিয়ন সমন্বয়কারী এবং অন্যান্য রিফ্রেসার্স কোর্স (৩টি ব্যাচ)

ক্র:নং	খরচের খাত/বিবরণ	ব্যয়	মন্তব্য
১	২	৩	৪
০১।	প্রশিক্ষার্থীদের ভাতা প্রতিজন ৫০০/- X ৩০ জন	১৫,০০০/-	
০২।	প্রশিক্ষার্থী প্রতি প্রাতিষ্ঠানিক ব্যয় প্রতিজন ১,০০০/- X ৩০ জন = ৩০,০০০/- বিভাজনঃ- ক) প্রশিক্ষক ভাতা (প্রতি ক্লাস ৫০০/- প্রতিদিন ৪টি ক্লাস ২ দিন) = ৪,০০০/- খ) প্রশিক্ষণ উপকরণ (ব্যাগ/খাতা ইত্যাদি) প্রতি জন ৫০০/- ৩০ জন = ১৫,০০০/- গ) প্রশিক্ষার্থীদের খাবার প্রতিজন ১২০/- ৩৫ জন (প্রশিক্ষণ সংশ্লিষ্ট কর্মকর্তাসহ) ২ দিন = ৮,৪০০/- ঘ) প্রশিক্ষণ চলাকালীন উদ্দীপক চা-নাস্তা প্রতিজন ৩০/- ৩৫ জন ২ দিন = ২,১০০/- ঙ) বিবিধ = ৫০০/- উপমোট = ৩০,০০০/-	৩০,০০০/-	
০৩।	প্রশিক্ষার্থীদের ভ্রমণ ভাতা প্রতিজন ৩০০/- X ৩০ জন মোট	৯,০০০/- ৫৪,০০০/-	

*প্রতি ব্যাচ ৫৪,০০০X৩ ব্যাচ=১,৬২,০০০/-

(খ-১/৫) কোর্সের নামঃ হিসাব রক্ষক/হিসাব সহকারী এবং ক্যাশিয়ার ও অন্যান্যদের রিফ্রেশার্স কোর্সে

ক্র:নং	খরচের খাত/বিবরণ	ব্যয়	মন্তব্য
১	২	৩	৪
০১।	প্রশিক্ষার্থীদের ভাতা প্রতিজন ২০০/-২৫ জন ১ দিন	৫,০০০/-	
০২।	প্রশিক্ষার্থী প্রতি প্রাতিষ্ঠানিক ব্যয় (প্রতিজন ৫০০/- X ২৫ জন) = ১২,৫০০/- বিভাজনঃ- ক) প্রশিক্ষক ভাতা (প্রতি ক্লাস ৫০০/- X প্রতিদিন ৫টি ক্লাস ১ দিন =২,৫০০/- খ) প্রশিক্ষণ উপকরণ প্রতি জন ১০০/- ২৫ জন = ২,৫০০/- গ) প্রশিক্ষার্থীদের খাবার প্রতিজন ১২০/- X ৩০ জন (প্রশিক্ষণ সংশ্লিষ্ট কর্মকর্তাসহ) ১ দিন = ৩,৬০০/- ঘ) প্রশিক্ষণ চলাকালীন উদ্দীপক চা-নাস্তা (প্রতিজন ৪০/- X ৩০ জন X ১ দিন) =১,২০০/- ঙ) বিবিধ = ২,২০০/- উপমোট =১২,৫০০/-	১২,৫০০/-	
০৩।	প্রশিক্ষার্থীদের ভ্রমণ ভাতা প্রতিজন ৩০০/- X ৯০ জন	৫,০০০/-	
	মোট	২২,৫০০/-	

* প্রতিব্যয়ের জন্য খরচ ২২,৫০০/-

৫.৫.৯ (গ) দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ কোর্সসমূহের বিভাজন :

ক্র: নং	কোর্স এর নাম/ধরণ	কোর্সের মেয়াদ	কোর্সের ভেন্যু	প্রশিক্ষার্থীর সংখ্যা	ব্যাচ সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
০১।	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের জন্য অবহিতকরণ	১ দিন	উপজেলা দপ্তর	৭৫ জন	০৩ টি ব্যাচের অর্থাৎ প্রতি ব্যাচে ২৫ জন করে	ইউআরডিও আয়োজন করবে।
০২।	WDA এবং UDA ব্যবস্থাপনা ও সমন্বয়	১ দিন	উপজেলা দপ্তর/ইউনিয়ন পরিষদ অফিস	৭৫০ জন	২৫ টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ৩০ জন করে	ঐ
০৩।	WDA এবং UDA (সংকট) ব্যবস্থাপনা ও সমন্বয়	১ দিন	ঐ	৭৫০ জন	২৫ টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ৩০ জন করে	ঐ
০৪।	WDA এবং UDA এর প্রতিনিধিদের জন্য বাজার Chair ব্যবস্থাপনা	১ দিন	ঐ	৭৫০ জন	২৫ টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ৩০ জন করে	ঐ
০৫।	নেতৃত্ব এবং সামাজিক সমন্বয়	১ দিন	ঐ	৬০০ জন	২০ টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ৩০ জন করে	ঐ
০৬।	গাছের ডাক্তারদের জন্য প্রশিক্ষণক প্রশিক্ষণ (নির্বাচিত উপকার ভোগীদের মধ্য হতে)	৩ দিন	জেলা পর্যায়	৮০ জন	৪টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২০ জন করে	প্রকল্প পরিচালক আয়োজন করবে।

(গ-১/১) কোর্সের নামঃ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের জন্য অবহিককরণ

ক্র:নং ১	খরচের খাত/বিবরণ ২	ব্যয় ৩	মন্তব্য ৪
০১।	প্রশিক্ষার্থীদের ভাতা প্রতিজন ১০০/- x ২৫ জন	২,৫০০/-	
০২।	প্রশিক্ষার্থী প্রতি প্রাতিষ্ঠানিক ব্যয় (প্রতিজন ৪০০/- x ২৫ জন) = ১০,০০০/- বিভাজনঃ- ক) প্রশিক্ষক ভাতা (প্রতি ক্লাস ৫০০/- প্রতিদিন ৪টি ক্লাস ১ দিন = ২,০০০/- খ) প্রশিক্ষণ উপকরণ প্রতি জন ৮০/- x ২৫ জন = ২,০০০/- গ) প্রশিক্ষার্থীদের খাবার প্রতিজন ১৫০/- x ৩০ জন(প্রশিক্ষণ সংশ্লিষ্ট কর্মকর্তাসহ) = ৪,৫০০/- ঘ) বিবিধ = ৫০০/- উপমোট = ১০,০০০/-	১০,০০০/-	প্রশিক্ষার্থীদের খাবারের বিষয়টি স্থানীয়ভাবে/প্রশিক্ষার্থীদের সাথে আলোচনা করে ব্যবস্থা নিতে হবে।
০৩।	প্রশিক্ষার্থীদের ভ্রমণ ভাতা (প্রতিজন ১০০/- x ২৫ জন) মোট	২,৫০০/- ১৫,০০০/-	

*(প্রতি ব্যাচ ১৫,০০০ x ৩ ব্যাচ=৪৫,০০০/-)

(গ-১/২) কোর্সের নামঃ WDC এবং UDC ব্যবস্থাপনা ও সমন্বয়।

ক্র:নং	খরচের খাত/বিবরণ	ব্যয়	মন্তব্য
১	২	৩	৪
০১।	প্রশিক্ষার্থীদের ভাতা	-	
০২।	প্রশিক্ষার্থী প্রতি প্রাতিষ্ঠানিক ব্যয় (প্রতিজন ২৫০/-X৩০ জন) = ৭,৫০০/- বিভাজনঃ- ক) প্রশিক্ষক ভাতা (প্রতি ক্লাস ৫০০/- প্রতিদিন ৪টি ক্লাস ১ দিন) = ২,০০০/- খ) প্রশিক্ষার্থীদের খাবার প্রতিজন ১২০/- X ৩৫ জন (প্রশিক্ষণ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীসহ) = ৪,২০০/- গ) বিবিধ = ১,৩০০/- উপমোট = ৭,৫০০/-	৭,৫০০/-	প্রশিক্ষার্থীদের খাবারের বিষয়টি স্থানীয়ভাবে/ প্রশিক্ষার্থীদের সাথে আলোচনা করে ব্যবস্থা নিতে হবে।
০৩।	প্রশিক্ষার্থীদের ভ্রমণ ভাতা (প্রতিজন ১০০/- X ৩০ জন) মোট	৩,০০০/- ১০,৫০০/-	

*(প্রতি ব্যাচ ১০,৫০০X ২৫ ব্যাচ= ২,৬২,৫০০/-)

(গ-১/৩)কোর্সের নামঃ WDC এবং UDC এর সংকট (Crisis) ব্যবস্থাপনা

ক্র:নং	খরচের খাত/বিবরণ	ব্যয়	মন্তব্য
১	২	৩	৪
০১।	প্রশিক্ষার্থীদের ভাতা	-	
০২।	প্রশিক্ষার্থী প্রতি প্রাতিষ্ঠানিক ব্যয় প্রতিজন ২৫০/-X৩০ জন = ৭,৫০০/- বিভাজনঃ- ক) প্রশিক্ষক ভাতা (প্রতি ক্লাস ৫০০/- প্রতিদিন ৫টি ক্লাস ১ দিন) = ২,৫০০/- খ) প্রশিক্ষার্থীদের খাবার প্রতিজন ১৫০/- X ৩৫ জন (প্রশিক্ষণ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীসহ) = ৪,২০০/- গ) বিবিধ = ৮০০/- উপমোট = ৭,৫০০/-	৭,৫০০/-	প্রশিক্ষার্থীদের খাবারের বিষয়টি স্থানীয়ভাবে/ প্রশিক্ষার্থীদের সাথে আলোচনা করে ব্যবস্থা নিতে হবে।
০৩।	প্রশিক্ষার্থীদের ভ্রমণ ভাতা (প্রতিজন ১০০/- X ৩০ জন) মোট	৩,০০০/- ১০,৫০০/-	

*(প্রতি ব্যাচে ১০,৫০০X ২৫ ব্যাচ= ২,৬২,৫০০/-)

(গ-১/৪)কোর্সের নামঃ WDC এবং UDC এর প্রতিনিধিদের জন্য বাজার Chain ব্যবস্থাপনা।

ক্র:নং ১	খরচের খাত/বিবরণ ২	ব্যয় ৩	মন্তব্য ৪
০১।	প্রশিক্ষার্থীদের ভাতা -	-	প্রশিক্ষার্থীদের খাবারের বিষয়টি স্থানীয়ভাবে/প্রশিক্ষার্থীদের সাথে আলোচনা করে ব্যবস্থা নিতে হবে।
০২।	প্রশিক্ষার্থী প্রতি প্রাতিষ্ঠানিক ব্যয় (প্রতিজন ২৫০/-৩০ জন) = ৭,৫০০/-	৭,৫০০/-	
	বিভাজনঃ- ক) প্রশিক্ষক ভাতা (প্রতি ক্লাস ৫০০/- প্রতিদিন ৫টি ক্লাস ১ দিন) =২,৫০০/- খ) প্রশিক্ষার্থীদের খাবার প্রতিজন ১৫০/-৩৫ জন(প্রশিক্ষণ সংশ্লিষ্ট কর্মকর্তাকর্মচারীসহ) = ৪,২০০/- গ) বিবিধ = ৮০০/- উপমোট =৭,৫০০/-		
০৩।	প্রশিক্ষার্থীদের ভ্রমণ ভাতা প্রতিজন ১০০/- X ৩০ জন মোট	৩,০০০/- ১০,৫০০/-	

*(প্রতি ব্যাচে ১০,৫০০ X ২৫ ব্যাচ=২,৬২,৫০০/-)

(গ-১/৫) কোর্সের নামঃ নেতৃত্ব ও সামাজিক সমন্বয়।

ক্র:নং ১	খরচের খাত/বিবরণ ২	ব্যয় ৩	মন্তব্য ৪
০১।	প্রশিক্ষার্থীদের ভাতা -	-	প্রশিক্ষার্থীদের খাবারের বিষয়টি স্থানীয়ভাবে/প্রশিক্ষার্থীদের সাথে আলোচনা করে ব্যবস্থা নিতে হবে।
০২।	প্রশিক্ষার্থী প্রতি প্রাতিষ্ঠানিক ব্যয় প্রতিজন ২৫০/- X ৩০ জন = ৭,৫০০/-	৭,৫০০/-	
	বিভাজনঃ- ক) প্রশিক্ষক ভাতা (প্রতি ক্লাস ৫০০/- প্রতিদিন ৫টি ক্লাস ১ দিন) =২,৫০০/- খ) প্রশিক্ষার্থীদের খাবার প্রতিজন ১৫০/- X ৩৫ জন (প্রশিক্ষণ সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীসহ) = ৪,২০০/- গ) বিবিধ = ৮০০/- উপমোট =৭,৫০০/-		
০৩।	প্রশিক্ষার্থীদের ভ্রমণ ভাতা প্রতিজন ১০০/- X ৩০ জন মোট	৩,০০০/- ১০,৫০০/-	

*(প্রতি ব্যাচে ১০,৫০০ X ২০ ব্যাচ= ২,১০,০০০/-)

(গ-১/৬) কোর্সের নামঃ গাছের ডাক্তারদের জন্য প্রশিক্ষক প্রশিক্ষণ

ক্র:নং	খরচের খাত/বিবরণ	ব্যয়	মন্তব্য
১	২	৩	৪
০১।	প্রশিক্ষার্থীদের ভাতা (প্রতি জন ৩০০/- X ২০ জন)	৬,০০০/-	প্রশিক্ষার্থীদের খাবারের বিষয়টি স্থানীয়ভাবে/ প্রশিক্ষার্থীদের সাথে আলোচনা করে ব্যবস্থা নিতে হবে।
০২।	প্রশিক্ষার্থী প্রতি প্রাতিষ্ঠানিক ব্যয় (প্রতিজন ১০০০/- X ২০ জন) = ২০,০০০/-		
	বিভাজনঃ-		
	ক) প্রশিক্ষক ভাতা (প্রতি ক্লাস ৫০০/- প্রতিদিন ৫টি ক্লাস ৩ দিন) =৭,৫০০/-		
	খ) প্রশিক্ষণ উপকরণ(প্রতিজন ১২০২০ জন) =২,৪০০/-	২০,০০০/-	
	গ) প্রশিক্ষার্থীদের খাবার (প্রতিজন ১২০/- ২৫ জন) (প্রশিক্ষণ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীসহ)৩দিন = ৯,০০০/-		
	ঘ) প্রশিক্ষণ চলাকালীন উদ্দীপক চা-নাস্তা = ৫০০/-		
	ঙ) বিবিধ = ৬০০/-		
		
	উপমোট =২০,০০০/-		
০৩।	প্রশিক্ষার্থীদের ভ্রমণ ভাতা (প্রতিজন ৪৫০/- X ২০ জন)	৯,০০০/-	
	মোট	৩৫,০০০/-	

*(প্রতি ব্যাচে ৩৫,০০০X ৪ ব্যাচ= ১,৪০,০০০/-)

৫.৫.৯(ঘ) উপকারভোগীদের জন্য আয়বর্ধনমূলক প্রশিক্ষণ :

ক্র: নং	কোর্স এর নাম/ধরণ	কোর্সের মেয়াদ	কোর্সের ভেন্যু	প্রশিক্ষার্থীর সংখ্যা	ব্যাচ সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
০১।	বেসিক কম্পিউটার প্রশিক্ষণ	৬০ দিন	-	৪৫০ জন	১৮টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২৫ জন করে	আউসসোর্সিং। প্রকল্প পরিচালক ব্যবস্থা নিবে।
০২।	মোবাইল সার্ভিসিং	১৫ দিন	-	১৮০ জন	৯ টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২০ জন করে।	ঐ
০৩।	রেডিও/টেলিভিশন মেরামত	১৫ দিন	-	১৮০ জন	৯ টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২০ জন করে।	ঐ
০৪।	ইলেক্ট্রিক্যাল এবং ইকেন্ট্রোনিঙ্ক	১৫ দিন	-	১৮০ জন	৯ টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২০ জন করে।	ঐ
০৫।	সেলাই/দর্জি বিদ্যা	৩০ দিন	-	৯০০ জন	৪৫টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২০ জন করে।	ঐ
০৬।	কাপড়ের উপর হাতের কাজ	১৫ দিন	-	৯০০ জন	৪৫টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২০ জন করে।	ঐ
০৭।	গাছের ডাক্তার	১৫ দিন	-	৭৫ জন	৩টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২৫ জন করে।	ঐ
০৮।	বসতিভিত্তিক সবজি চাষ	৫ দিন	উপজেলা দপ্তরে	৩৩৭৫ জন	১৩৫টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২৫ জন করে।	ইউআরডিও আয়োজন করবে
০৯।	প্রাণী সম্পদ ও হাঁস-মুরগীর টিকাদান	৫ দিন	উপজেলা দপ্তর	১১২৫ জন	৪৫টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২০ জন করে।	আরডিও আয়োজন করবে
১০।	মৎস্য চাষ	৫ দিন	উপজেলা দপ্তর	২২৫ জন	৯টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২৫ জন করে।	আরডিও আয়োজন করবে
১১।	গাভী পালন	৫ দিন	উপজেলা দপ্তর	১১২৫ জন	৪৫টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২৫ জন করে।	আরডিও আয়োজন করবে
১২।	গরু মোটাজাতকরণ	৫ দিন	উপজেলা দপ্তর	১১২৫ জন	৪৫টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২৫ জন করে।	আরডিও আয়োজন করবে

ক্র: নং	কোর্স এর নাম/ধরণ	কোর্সের মেয়াদ	কোর্সের ভেন্যু	প্রশিক্ষার্থীর সংখ্যা	ব্যাচ সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
১৩।	ভার্মি কম্পোজ সার/কুইক কম্পোজ সার তৈরি	১০ দিন	উপজেলা দপ্তর	১১২৫ জন	৪৫টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২৫ জন করে।	আরডিও আয়োজন করবে
১৪।	ক্ষুদ্র উদ্যোক্তা এবং Non-farm activities	৫-৭	উপজেলা দপ্তর	১৮০ জন	৯টি ব্যাচে অর্থাৎ	আরডিও

১৫।	হাঁস-মুরগী ও কবুতর পালন	৫ দিন	উপজেলা দপ্তর	৩৩৭৫ জন	প্রতি ব্যাচে ২০ জন করে। ১৩৫টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২৫ জন করে।	আয়োজন করবে আরডিও আয়োজন করবে
১৬।	মাশরুম চাষ	১০ দিন	উপজেলা দপ্তর	২২৫ জন	৯টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২৫ জন করে।	আরডিও আয়োজন করবে
১৭।	স্ট্রবেরী চাষ	৭ দিন	উপজেলা দপ্তর	৪৫০ জন	১৮টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২৫ জন করে।	আরডিও আয়োজন করবে
১৮।	খাদ্য প্রক্রিয়াজাতকরণ	৭ দিন	উপজেলা দপ্তর	৩৬০ জন	১৮টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২০ জন করে।	আরডিও আয়োজন করবে
১৯।	খাদ্য ও কাঁচামাল সংরক্ষণ	৭ দিন	উপজেলা দপ্তর	৩৬০ জন	১৮টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২০ জন করে।	আরডিও আয়োজন করবে
২০।	বীজ সংরক্ষণ	৭ দিন	উপজেলা দপ্তর	৩৬০ জন	১৮টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২০ জন করে।	আরডিও আয়োজন করবে
২১।	মা ও শিশু	৫ দিন	উপজেলা দপ্তর	৯০০ জন	৪৫টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২০ জন করে।	আরডিও আয়োজন করবে
২২।	Jute Ribbon rating	৩ দিন	উপজেলা দপ্তর	৩৬০ জন	১৮টি ব্যাচে অর্থাৎ প্রতি ব্যাচে ২০ জন করে।	আরডিও আয়োজন করবে

কোর্সের নামঃ বেসিক কম্পিউটার প্রশিক্ষণ।

ক্র:নং	খরচের খাত/বিবরণ	ব্যয়	মন্তব্য
১	২	৩	৪
০১।	প্রশিক্ষার্থীদের ভাতা (প্রতিজন ৩০০০/- X ২৫ জন)	৭৫,০০০/-	প্রকল্প অফিস প্রাপ্তি স্বীকারের মাধ্যমে সরাসরি প্রশিক্ষার্থীদেরকে প্রদান করবে।
০২।	প্রশিক্ষার্থী প্রতি প্রাতিষ্ঠানিক ব্যয় প্রতিজন ১২০০০/-২০ জন = ৩,০০,০০০/-	৩,০০,০০০/-	প্রতি উপজেলায় ২টি করে ব্যাচ হবে। প্রকল্প পরিচালক এই ধরনের প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সংগে চুক্তিবদ্ধ হয়ে উপজেলা ওয়ারী প্রশিক্ষণে আয়োজনের ব্যবস্থা নিবেন। প্রতিষ্ঠানের ব্যয়ের খাতঃ প্রশিক্ষার্থীদের থাকা। ৩ বেলা খাবার। দুই বেলা চা-নাস্তা। প্রতিষ্ঠানের প্রশাসনিক ব্যয় ইত্যাদি। যা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান ব্যয় করে বিলের মাধ্যমে গ্রহণ করবে।
০৩।	প্রশিক্ষার্থীদের ভ্রমণ ভাতা (প্রতিজন ১৫০০/- X ২৫ জন)	৩৭,৫০০/-	প্রকল্প অফিস প্রাপ্তি স্বীকারের মাধ্যমে সরাসরি প্রশিক্ষার্থীদেরকে প্রদান করবে।
	মোট	৪,১২,৫০০/-	

*প্রতিব্যাচ ৪,১২,৫০০/-X ১৮ ব্যাচ=৭৪,২৫,০০০/-

(ঘ-১/২)কোর্সের নামঃ মোবাইল সার্ভিসিং।

ক্র:নং	খরচের খাত/বিবরণ	ব্যয়	মন্তব্য
১	২	৩	৪
০১।	প্রশিক্ষার্থীদের ভাতা	-	-
০২।	প্রশিক্ষার্থী প্রতি প্রাতিষ্ঠানিক ব্যয় প্রতিজন ৪,৫০০/- X ২০ জন = ৯০,০০০/-	৯০,০০০/-	প্রতি উপজেলায় ১টি করে ব্যাচ হবে। প্রকল্প পরিচালক এই ধরনের প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি বদ্ধ হয়ে উপজেলা ওয়ারী প্রশিক্ষণ আয়োজন করবেন। প্রতিষ্ঠানের ব্যয়ের খাতঃ প্রশিক্ষার্থীদের থাকা। ৩ বেলা খাবার। দুই বেলা চা-নাস্তা। প্রতিষ্ঠানের প্রশাসনিক ব্যয় ইত্যাদি। যা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান ব্যয় করে বিলের মাধ্যমে গ্রহণ করবে। যদি প্রশিক্ষণ অনাবাসিক হয় তবে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের প্রশাসনিক ব্যয় বাদ দিয়ে প্রশিক্ষার্থীদের খাবার ও চা নাস্তার টাকা প্রাপ্তি স্বীকারের মাধ্যমে নগদে দেয়া যাবে।
০৩।	প্রশিক্ষার্থীদের ভ্রমণ ভাতা প্রতিজন ১৫০০/- X ২০ জন	৩০,০০০/-	প্রকল্প অফিস প্রাপ্তি স্বীকারের মাধ্যমে সরাসরি প্রশিক্ষার্থীদেরকে প্রদান করবে।
	মোট	১,২০,০০০/-	

প্রতিব্যাচ ১,২০,০০০/-X ৯ ব্যাচ=১০,৮০,০০০/-

(ঘ-১/৩কোর্সের নামঃ রেডিও/ টেলিভিশন মেরামত (১৫ দিন) ।

ক্র:নং	খরচের খাত/বিবরণ	ব্যয়	মন্তব্য
১	২	৩	৪
০১।	প্রশিক্ষার্থীদের ভাতা	-	-
০২।	প্রশিক্ষার্থী প্রতি প্রাতিষ্ঠানিক ব্যয় (প্রতিজন ৪,৫০০/- X ২০ জন) =৯০,০০০/-	৯০,০০০/-	প্রতি উপজেলায় ১টি করে ব্যাচ হবে। প্রকল্প পরিচালক এই ধরনের প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি বদ্ধ হয়ে প্রশিক্ষণ আয়োজন করবেন। <u>প্রতিষ্ঠানের ব্যয়ের খাতঃ</u> প্রশিক্ষার্থীদের থাকা। ৩ বেলা খাবার। দুই বেলা চা-নাস্তা। প্রতিষ্ঠানের প্রশাসনিক ব্যয় ইত্যাদি। যা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান ব্যয় করে বিলের মাধ্যমে গ্রহণ করবে। যদি প্রশিক্ষণ অনাবাসিক হয় তবে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের প্রশাসনিক ব্যয় বাদ দিয়ে প্রশিক্ষার্থীদের খাবার ও চা নাস্তার টাকা প্রাপ্তি স্বীকারের মাধ্যমে নগদে দেয়া যাবে।
০৩।	প্রশিক্ষার্থীদের ভ্রমণ ভাতা (প্রতিজন ১৫০০/- X ২০ জন)	৩০,০০০/-	প্রকল্প অফিস প্রাপ্তি স্বীকারের মাধ্যমে সরাসরি প্রশিক্ষার্থীদেরকে প্রদান করবে।
	মোট	১,২০,০০০/-	

প্রতিব্যাচ ১,২০,০০০/-X৯ ব্যাচ=১০,৮০,০০০/-

(ঘ-১/৪) কোর্সের নামঃ ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রোনিয় (১৫ দিন) ।

ক্র:নং	খরচের খাত/বিবরণ	ব্যয়	মন্তব্য
১	২	৩	৪
০১।	প্রশিক্ষার্থীদের ভাতা	-	-
